



# ফুটবল তারকা আন্দিসওয়া

✎ Eden Daniels

✎ Eden Daniels

✎ Asma Afreen

💬 Bengali

📊 Level 2





আন্দিসওয়া ছেলেদের ফুটবল খেলতে দেখলেন। তাঁর ইচ্ছা হল যে তিনি ওদের সাথে খেলবেন। তিনি প্রশিক্ষককে জিজ্ঞেস করলেন যে তিনি তাদের সাথে অনুশীলন করতে পারবেন কিনা।



প্রশিক্ষক নিজের হাত কোমরে রাখলেন।  
“এই স্কুলে শুধুমাত্র ছেলেদের ফুটবল  
খেলার অনুমতি আছে,” তিনি বললেন।



ছেলেরা তাঁকে নেটবল খেলার জন্য বলল।  
তারা বলল যে নেটবল মেয়েদের জন্য এবং  
ফুটবল ছেলেদের জন্য। আন্দিসওয়া হতাশ  
হল।





পরদিন স্কুলে একটি বড় ফুটবল খেলার  
প্রতিযোগিতা ছিল। প্রশিক্ষক চিন্তিত ছিলেন  
কারণ তার সেরা খেলোয়ার অসুস্থ ছিল  
এবং খেলতে পারছিল না।



আন্দিসওয়া প্রশিক্ষকের কাছে দৌড়ে গিয়ে তাঁকে অনুরোধ করলেন যেন তাঁকে খেলতে দেয়া হয়। প্রশিক্ষক বুঝে উঠতে পারছিলেন না কি করা উচিত। এরপর তিনি সিদ্ধান্ত নেন যে আন্দিসওয়া দলের সাথে যোগ দিতে পারবে।



খেলা কঠিন ছিল। মধ্যহু বিরতি পর্যন্ত  
কেউই গোল করেননি।



প্রতিযোগিতার দ্বিতীয়ার্ধের সময়, ছেলেদের মধ্যে একজন আন্দিসওয়াকে বল পাস করল। তিনি গোলপোস্টের দিকে দ্রুত চলে গেলেন। তিনি বলে জোরে লাথি মেরে একটি গোল করলেন।





জনতা আনন্দের জোয়ারে ভেসে গেল। সেই দিন থেকে মেয়েরাও স্কুলে ফুটবল খেলার অনুমতি পেল।



# Storybooks Canada

[storybookscanada.ca](http://storybookscanada.ca)

## ফুটবল তারকা আদিসওয়া

Written by: Eden Daniels

Illustrated by: Eden Daniels

Translated by: Asma Afreen

This story originates from the African Storybook ([africanstorybook.org](http://africanstorybook.org)) and is brought to you by [Storybooks Canada](http://Storybooks Canada) in an effort to provide children's stories in Canada's many languages.



This work is licensed under a Creative Commons  
[Attribution-NonCommercial 3.0 International License](http://creativecommons.org/licenses/by-nc/3.0/).